# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 11 May, 2025

ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার পাগলা থানা এলাকায় চোর সন্দেহে গণপিটুনিতে হায়দুল আকন্দ (৩৫) নামে মানসিক ভারসাম্যহীন যুবকের মৃত্যু হয়েছে।

রবিবার (১১ মে) দুপুর গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় যুবকের মৃত্যু হয়।এর আগে ভোর রাতে উপজেলার পাগলা থানার মশাখালী ইউনিয়নের বাইলনা গ্রামে এই ঘটনা ঘটে।

নিহত হায়দুল আকন্দ উপজেলার সালটিয়া ইউনিয়নের হাটুরিয়া গ্রামে অবেদ আলী আকন্দের ছেলে।

পুলিশ ও স্থানীয় সুত্র জানায়, ভোররাতে মশাখালী ইউনিয়নের বাইলনা গ্রামে চোর সন্দেহে হায়দুল আকন্দকে গণপিটুনি দিয়ে গুরুতর আহত করে অজ্ঞাত ব্যক্তিরা।পরে সকালে গুরুতর আহত অবস্থায় হায়দুলকে পড়ে থাকতে দেখে স্থানীয়রা থানায় খবর দেয়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে গুরুতর আহত হায়দুলকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। ভর্তির পর দুপুরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহতের ভাতিজা ইসলাম উদ্দিন বলেন, আমার চাচা মানসিক ভারসাম্যহীন ছিলেন। যারা আমার চাচাকে মারছে তাদের বিচার চাই।

গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্য চিকিৎসক ডা. ফারজানা আক্তার বৃষ্টি বলেন, নিহতের শরীরে বিভিন্ন জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে। পায়ের নখ উপড়ে ফেলা হয়েছে।

পাগলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফেরদৌস আলম বলেন, ধারণা করা হচ্ছে, ভোররাতে রাতে অজ্ঞাত লোকজন চোর সন্দেহে ওই যুবককে গণপিটুনি দিয়ে বাইলনা গ্রামে ফেলে রেখে যায়। পরে স্থানীয়রা থানায় খবর দিলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে নিহত যুবকের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়। এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ হতে এখনও কোন অভিযোগ পায়নি।

চোর গণপিটুনি মৃত্যু পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:58

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/2315775807